

Telephone Conversation between PM and the Federal Chancellor of Germany

April 02, 2020

মাননীয় প্রধানমন্ত্রীর সাথে জার্মানির ফেডারেল চ্যান্সেলরের টেলিফোনে বাক্যালাপ

এপ্রিল 2, 2020

মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ জার্মানির ফেডারেল চ্যান্সেলর মহামান্য ডক্টর এঞ্জেলার মেরকেলের সাথে টেলিফোনে বাক্যালাপ করেছেন।

দুই নেতা চলতে থাকা কোভিড-19 অতিমারি, দুই দেশের পরিস্থিতি, এবং এই স্বাস্থ্য সঙ্কট এর বিরুদ্ধে আন্তর্জাতিক স্তরে একযোগে লড়াই করার গুরুত্বের বিষয়ে আলোচনা করেছেন।

এই অতিমারির সময় ওষুধ এবং চিকিৎসা সংক্রান্ত সরঞ্জামের অপര്യാপ্ত লভ্যতার বিষয়ে তারা একে অপরকে জানিয়েছেন এবং এর পরিপ্রেক্ষিতে নতুন পথ খুঁজে বার করার বিষয়ে সহমত হয়েছেন।

জার্মান চ্যান্সেলর মাননীয় প্রধানমন্ত্রীর সাথে একমত হয়েছেন যে কোভিড-19 অতিমারি আধুনিক ইতিহাসের এক গুরুত্বপূর্ণ সন্ধিকাল এবং তা বিশ্বায়ন সম্পর্কে এক নতুন দৃষ্টিভঙ্গি গঠন করার একটি সুযোগ এনে দিয়েছে যা সামগ্রিকভাবে সব মানুষের স্বার্থরক্ষাবাহী হবে।

বিশ্বের জনগণের জন্য সহজ যোগা অনুশীলন সম্পর্কে প্রচার করার যে সাম্প্রতিক উদ্যোগ ভারত নিয়েছে সে সম্পর্কে এবং অনাক্রম্যতা

জোরালো করার আয়ুর্বেদিক প্রতিকার সম্পর্কে মাননীয় প্রধানমন্ত্রী মহামান্য চ্যান্সেলরকে জানিয়েছেন। জার্মান চ্যান্সেলর একমত হয়েছেন যে বিশেষ করে বর্তমানের লকডাউন পরিস্থিতিতে এই ধরনের অনুশীলন শারীরিক ও মানসিক স্বাস্থ্যের পক্ষে খুবই উপযোগী হতে পারে।

নিউ দিল্লি

এপ্রিল 02, 2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.